

ডায়েরী নং ৩৩৯৯
তারিখঃ ০২/১২/২০
সময়ঃ ৪.৩৫

১০০

১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
কাকরাইল, ঢাকা-১০০০।



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১৬.০৪৭.১৭- ২৪৬৮

তারিখ ০২/১২/২০২০ খ্রিঃ।

প্রেরক : প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বাংলাদেশ সরকার, ঢাকা।

প্রাপক : সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : স্থানীয় সরকার বিভাগ, মনিটরিং ও মূল্যায়ন অধিশাখার স্মারক নং-৪৬.০৯৯.০১৪.০০.০০.০২৩.২০১৭ (অংশ-১৫)-
২৩৬ তারিখ-১৮/১১/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর
ক্রমিক-৫.১ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে এতদসঙ্গে
প্রেরণ করা হলো।

সংযুক্তি :- বর্ণনামতে।

৩০/১১/২০২০
(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী (চঃদাঃ)

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১৬.০৪৭.১৭- ২৪৬৮/১ (৪)

তারিখ ০২/১২/২০২০ খ্রিঃ।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা সার্কেল, ঢাকা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কার্যসূচী ও সমন্বয় বিভাগ, ঢাকা।

৩০/১১/২০২০
(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী (চঃদাঃ)

২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক সুশাসন প্রতিষ্ঠায় উত্তম চর্চার তালিকাঃ

- ১। কোভিড-১৯ মোকাবেলা ও সচেতনতার জন্য অধিদপ্তরের সকল পর্যায়ে পর্যাপ্ত পরিমাণ সার্জিক্যাল মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ড গ্লাভস্ বিতরণ ও অধিদপ্তরের প্রবেশ পথে নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের শরীরের তাপমাত্রা পরিমাপকরণ।
- ২। ওয়াসার এলাকা ব্যতিত দেশের জেলা ও উপজেলা পর্যায়ে জনগণের জন্য বিশুদ্ধ পানি সরবরাহের নিমিত্তে সুবিধাজনক স্থানে হাত ধোয়ার বেসিন স্থাপন।
- ৩। করোনাভাইরাসে আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা সংক্রান্ত সমস্যা নিরসনে এবং জুরুরি প্রয়োজনে দ্রুত সেবা পৌঁছে দেয়ার জন্য অধিদপ্তরের একটি কুইক রেসপন্স টিম গঠন।
- ৪। কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে সরকারি সভাসমূহে সরাসরি অংশগ্রহণের সুযোগ সীমিত থাকায় ভার্চুয়াল প্ল্যাটফর্মে নিয়মিত বিভিন্ন দাপ্তরিক বিষয় সম্পর্কিত সভার আয়োজন।
- ৫। অধিদপ্তরের সকল কার্যালয়ে আজিানা সমূহে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখা।
- ৬। ডেঙ্গু প্রতিরোধে অধিদপ্তরের সকল ওয়াশরুম গুলো নিয়মিত ক্লেশ করা, ওয়াশরুমের কমোড, বালতি, মগ ইত্যাদি সঠিকভাবে রাখা, পানি জমতে না দেয়া, ময়লার বালতি নিয়মিত পরিষ্কার করা ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম চলমান রাখা।
- ৭। অধিদপ্তরের ২০১৯-২০ অর্থবছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ।
- ৮। অধিদপ্তরের সকল ক্রয় কার্যক্রম ই-জিপিআর মাধ্যমে সম্পন্ন করণ।
- ৯। অফিস প্রাঙ্গনে সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের বাগানসহ অধিদপ্তরের প্রধান কার্যালয় ও অধিনস্ত বিভাগীয় দপ্তরসমূহে গুঁষি ও ফলজ বৃক্ষরোপণ।
- ১০। আগত দর্শনার্থীদের সেবা প্রদানের লক্ষ্যে অধিদপ্তরের প্রধান কার্যালয় ও বিভাগীয় বিভিন্ন দপ্তরসমূহে বিশ্রাম কক্ষ/বসার স্থানের সংস্থান।
- ১১। জনগণের দ্রুত সেবা প্রদানের সুবিধার্থে অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ে অফিস সংস্কার, ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার সেট ও আসবাবপত্র সরবরাহকরণ।
- ১২। অধিদপ্তরের বিভিন্ন নাগরিক সেবা প্রাপ্তি নিশ্চিত্তে বিভিন্ন জনগুরুত্বপূর্ণ তথ্যাদি যেমনঃ সেবা পদ্ধতির বিস্তারিত বিবরণ ও সেবা প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্যাবলি নিয়মিত দাপ্তরিক ওয়েবসাইটে (www.dphe.gov.bd) হালনাগাদকরণ।
- ১৩। সরকারি ইমেইল ব্যবহার নীতিমালা ২০১৮ নিশ্চিতকল্পে দাপ্তরিক পত্র আদান প্রদানে সকল জেলা পর্যায়ের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাবৃন্দের দাপ্তরিক মেইল ব্যবহার নিশ্চিতকরণ।
- ১৪। দাপ্তরিক নথির কার্যক্রম দ্রুত ও যথাসময়ে সম্পন্ন করা এবং ই-নথি সিস্টেম শতভাগ বাস্তবায়ন নিশ্চিতকরণ।
- ১৫। নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে অধিদপ্তরের স্থাপনাসমূহ সিসি ক্যামেরার আওতায় এনে নিবিড়ভাবে পর্যবেক্ষণ।

Mt

Mt
২৪. ১১. ২০২০
ফারহানা হোসেন
নির্বাহী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কার্যসূচী ও সমন্বয় বিভাগ, ঢাকা।

Mt
২৬. ১১. ২০২০
(মোহাম্মদ আনোয়ার ইউসুফ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
পরিকল্পনা সার্কেল, ঢাকা।